ধারণা-১: **Makkah Route Initiative**

সমস্যা:

সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের ইমিগ্রেশন এর জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করার কারনে হজযাত্রীরা অনেক কষ্ট ও দুর্ভোগের শিকার হন। হজযাত্রীদের বাংলাদেশ থেকে সৌদি আরবের বিমানবন্দরে দীর্ঘক্ষণ ভ্রমণের পর আবার এই ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করার কারনে অনেক হজযাত্রী অসুস্থ হয়ে পরেন। এছাড়াও হজযাত্রীদের সৌদি আরবের ইমিগ্রেশন ইমিগ্রেশন সম্পন্ন হবার পর হজযাত্রীদের জেদ্দা বিমান বন্দর থেকে মক্কার বাড়িতে অথবা মদিনা বিমান বন্দর থেকে মদিনার বাড়িতে যাবার জন্য নির্ধারিত বাসে স্ব-স্ব লাগেজ উঠানোর জন্য আবার অনেক সময় অপেক্ষা করতে হয়।

সমাধানঃ

সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের অপেক্ষার সময় ও কষ্ট কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশি হজযাত্রীদের সৌদি আরব অংশের ইমিগ্রেশন জেদ্দা/মদিনার পরিবর্তে ঢাকায় সম্পন্ন করা। এছাড়াও হজযাত্রীদের লাগেজ পরিবহনের কষ্ট লাঘবের উদ্দেশ্যে ঢাকা এয়ারপোর্ট থেকে লাগেজ সরাসরি হজযাত্রীর মক্কাস্থ হোটেলের কক্ষে পৌঁছিয়ে দেয়া।

ধারণা-২: **ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল**

সমস্যাঃ

হজযাত্রীর হজযাত্রার পূর্বে মেডিকেল প্রোফাইল এর তথ্য সিস্টেমে সময়মত হালনাগাদ না থাকার কারনে সৌদি আরবে হজযাত্রীদের চিকিৎসা প্রদানের সময় নানা রকম সমস্যা হয়। হজযাত্রীরা ম্যানুয়াল পদ্ধতিতে মেডিকেল প্রোফাইল এর ফরম পুরন করেন এবং পুরনকৃত ফরম কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে অনেক সময় লাগে এবং ত্রুটি বিচ্যুতি হয়। এতে দেখা যায় যে সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর তথ্য সময়মত পাওয়া যায় না। এছাড়াও হজযাত্রীরা টিকা গ্রহণ এর পর ম্যানুয়াল ভ্যাক্সিনেশন কার্ড পেয়ে থাকেন। এ কারনে কোন হজযাত্রী যদি টিকা গ্রহণ না করে থাকেন তার তথ্য সিস্টেমে পাওয়া যায় না। এছাড়াও ম্যানুয়াল সিস্টেম থাকার কারনে কোন হজযাত্রী কোন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত কিনা, অচল অক্ষম কিনা তাও জানা সম্ভব হয় না।

সমাধানঃ

হজযাত্রীরা যাতে তাদের মেডিকেল প্রোফাইল এর তথ্য ফরম অনলাইন থেকে ডাউনলোড করতে পারেন। অনলাইন প্রোফাইল ফর্মে ট্রাকিং নং এর বিপরীতে বেসিক ইনফরমেশন যেমন নাম, ট্র্যাকিং নাম্বার, পিতা/মাতার নাম, পাসপোর্ট নাম্বর ইত্যাদি তথ্য থাকবে কিন্তু স্বাস্থ্য বিষয়ক তথ্য শুধুমাত্র অনুমোদিত চিকিৎসক স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট দেখে অনলাইনে পূরণ করবেন। হজযাত্রী প্রিন্টকৃত হেলথ প্রোফাইল প্রিন্ট করে অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসবেন। স্বাস্থ্য কেন্দ্রে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইউজার (ডাক্তার/ নার্স/ স্বাস্থ কর্মী) সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে স্বাস্থের রিপোর্ট যাচাই করে তা এন্ট্রি করবেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ইউজার ফরমের তথ্য নিশ্চিত করার পরই হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল টিকার ডিজিটাল প্রত্যয়নপত্র তৈরি হবে এবং প্রিন্ট করা যাবে। এছাড়াও হজযাত্রী বা অনুমোদিত হজ এজেন্সি অনুমোদনের পর যে কোন সময় প্রত্যয়নপত্রটি প্রিন্ট করতে পারবেন। প্রত্যয়নপত্রটি এক পাতার এ৪ সাইজে হবে এবং পেছনের পৃষ্ঠায় স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন নির্দেশিকা থাকবে। ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল টিকার ডিজিটাল প্রত্যয়নপত্র না থাকলে হজযাত্রীদের ভিসা প্রদান করা হবে না। এর ফলে সকল হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইলসহ টিকা প্রদান নিশ্চিত করা যাবে। যেহেতু হজযাত্রীদের তথ্য স্বাস্থ্য কেন্দ্র থেকে এন্ট্রি হয়ে যাবে এর ফলে আর কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে হবে না ফলে সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর প্রাসঙ্গিক তথ্য সময়মত পাওয়া যাবে।

ধারণা-৩: **কিউ ম্যানেজমেন্ট সিস্টেম**

সমস্যাঃ

সৌদি আরবে লক্ষাধিক হজযাত্রীর স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা সেবা প্রদান করতে প্রতিদিন দীর্ঘ লাইন ও অধিক সময়ের প্রয়োজন হয়। এর ফলে সম্মানিত হজযাত্রী বিশেষ করে বয়স্ক হজযাত্রী দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়ে থাকতে অসুবিধা হয় এবং অধিক সময় নষ্ট হয়।

সমাধানঃ

কিউ ম্যানেজমেন্ট সিস্টেমের ফলে লক্ষাধিক হজযাত্রীকে সুশৃঙ্খল ভাবে লাইনে না দাঁড়িয়ে অল্প সময়ের মধ্যে চিকিৎসা সেবা প্রদান করা যাবে। হজযাত্রীদের বিশেষ করে বয়স্ক হাজিদের মেডিকেল সেবা দ্রুত দেয়া সম্ভব হবে। কিউ ম্যানেজম্যান্ট সিস্টেম গ্রহণের ফলে স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি পাবে।

ধারণা-৪: **অঙ্গুলীতে বাংলা বর্ণমালা শিক্ষা আনন্দপাঠ**

সমস্যাঃ

বাংলাদেশের হাওড় অঞ্চলের জনগোষ্ঠিরা বিভিন্ন বৈরি আবহাওয়া কারণে এবং প্রাকৃতিক দূর্যোগ যেমনঃ বন্যা, জলোচ্ছাস ইত্যাদির কারণে বছরে প্রায় ৭-৮ মাস শিক্ষা প্রতিষ্ঠানে যেতে পারে না। এসময় তারা বাড়িতে বসে অলস সময় কাটায় এতে তাদের বুদ্ধি বিকাশে সমস্যা এবং পড়ালেখায় অনেক পিছিয়ে পড়ে।

সমাধানঃ

অঙ্গুলীতে বাংলা বর্ণমালা শিক্ষাদানের মাধ্যমে হাওড় অঞ্চলের পিছিয়ে পড়া ছেলে-মেয়েদের বুদ্ধি বিকাশে সহায়ক ভুমিকা পালন করবে এবং পড়ালেখায় আরো উৎসাহিত হবে।